# এআইসহ প্রযুক্তিনির্ভর শিক্ষায় গুরুত্ব দিচ্ছে সরকার



শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। ছবি: সংগৃহীত

দেশের শিক্ষাব্যবস্থায় পরিবর্তন আনার পরিকল্পনা নিয়ে কাজ করছে সরকার। এর অংশ হিসেবে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ও প্রযুক্তিনির্ভর শিক্ষার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।

বুধবার (১৬ সেপ্টেম্বর) সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) নবীনবরণ অনুষ্ঠানে যোগ দিয়ে এসব কথা বলেন তিনি।

শিক্ষা খাতে সরকারের বরাদ্দ বাড়ানোর কথা জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন আগামী বছর থেকে দেশের প্রথম থেকে পঞ্চম শ্রেণির ১ কোটি ১২ লাখ শিশুকে স্কুল ড্রেস দেওয়া হবে। শিক্ষার্থীদের পুষ্টির ঘাটতি পূরণে চালু করা হচ্ছে মিড ডে মিল।

তিনি আরও জানান ২০২৮ সালের মধ্যে সময়োপযোগী শিক্ষা কারিকুলাম প্রণয়নের লক্ষ্যে কাজ করছে সরকার।

এ সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দাবিদাওয়া পর্যালোচনার পাশাপাশি শিক্ষার্থীদের জন্য জিমনেশিয়াম নির্মাণের বিষয়েও গুরুত্ব দেন শিক্ষামন্ত্রী।

LENS ASIA